

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



## আমাদের শিক্ষার্থীদের চাহিদা প্রতি আমাদের অর্থায়নের লক্ষ্যস্থিরকরণ

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমাদের পরিবার ও কমিউনিটিসমূহের সাথে অংশীদারিত্বের ফলে আমরা আমাদের শিক্ষার্থীদের জন্য যে অগ্রগতি সাধন করতে পারি, তাতে আমি প্রকৃত অর্থেই উদ্দীপ্ত। একটি চমৎকার উদাহরণ হচ্ছে আমাদের স্কুলগুলোর জন্য আমাদের প্রাথমিক স্থানীয় অর্থায়নের উৎস উন্নত করতে আমাদের সাম্প্রতিক প্রস্তাব, যা আমাদের শিক্ষার্থীর জন্য ন্যায্য অর্থায়ন (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং, FSF) ফর্মুলা হিসেবে পরিচিত।

FSF গড়ে, আমাদের স্কুলগুলোর বাজেটের প্রায় দুই-তৃতীয়াংশ অর্থায়ন করে, এবং এটা প্রতিটি স্কুলে তালিকাভুক্ত বা এনরোলকৃত শিক্ষার্থী সংখ্যার ভিত্তিতে, এবং সেসব শিক্ষার্থীর সুনির্দিষ্ট চাহিদা অনুযায়ী। শিক্ষার্থীদের চাহিদাকে "মাপকাঠি" হিসেবে ব্যবহার করে, শিক্ষার্থীদের কার্যকরভাবে পরিষেবা দিতে প্রতিটি স্কুলের কী পরিমাণ অর্থ প্রয়োজন তা নির্ধারণে, এটা উদ্দেশ্যমূলকভাবে শিক্ষার্থীদের চাহিদাসমূহ বিবেচনায় নেয়।

গত বছর, ফর্মুলাটি গবেষণা করতে এবং সেটা উন্নত করার জন্য সুপারিশ করতে আমি শিক্ষার্থীদের জন্য ন্যায্য অর্থায়ন কার্য পরিষদ (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং ওয়ার্কিং গ্রুপ) আহ্বান করেছি। এই পরিষদ 2022-এর নভেম্বরে তার প্রতিবেদন প্রকাশ করেছে, এবং গত সপ্তাহে মেয়র অ্যাডামস এবং আমি প্রস্তাবিত উন্নয়নসমূহ ঘোষণা করেছি, যা সমতার উপর মনোনিবেশকৃত এবং শিক্ষার্থীদের চাহিদা অনুযায়ী বিনিয়োগে লক্ষ্য-স্থিরকৃত।

আমাদের প্রস্তাবিত সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবর্তনসমূহ নিচে দেয়া হলো:

- **টেম্পোরারি হাউজিং বা অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের জন্য একটি অতিরিক্ত মাপকাঠি** - এই শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী স্কুলগুলোর জন্য, এতে অন্তর্ভুক্ত সাম্প্রতিক অ্যাসাইলাম (রাজনৈতিক আশ্রয়) প্রার্থী শিক্ষার্থীবৃন্দ। এটি পাবলিক স্কুল শিক্ষার্থীদেরকে স্কুল কীভাবে সংস্থান বরাদ্দ করে, তাতে একটি যুগান্তকারী পরিবর্তন। এই পরিবর্তনটি আনুমানিক 45 মিলিয়ন ডলার অর্থায়ন বরাদ্দ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা পাঁচ বরো জুড়ে টেম্পোরারি হাউজিং বা অস্থায়ী আবাসনে বসবাসকারী শিক্ষার্থীদের উপর প্রভাব ফেলবে।
- **যেসব স্কুলে চাহিদায়ুক্ত শিক্ষার্থীদের সংখ্যা বেশি** সেসব স্কুলগুলোর জন্য একটি অতিরিক্ত মাপকাঠি, এতে রয়েছে দারিদ্র্যপীড়িত শিক্ষার্থী, প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীবৃন্দ (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স)। এটা পাঁচ বরোর স্কুলগুলোতে 45 মিলিয়ন ডলারের বেশি অর্থায়ন বরাদ্দ করবে বলে প্রত্যাশিত।
- **স্পেশাল-এডুকেশন প্রোগ্রামিং-এর চাহিদার প্রতি বাজেটের আপিল প্রক্রিয়ার সংবেদনশীলতা নিশ্চিত করতে একটি অঙ্গীকার**। আমরা কর্মী নিযুক্তির বিনিয়োগসমূহকে অগ্রাধিকার দেয়ার জন্য বাড়তি অর্থায়ন অনুরোধ করতে স্কুলগুলোর অনুসরণকৃত প্রক্রিয়া পরিমার্জিত করবো যা প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের একটি জেনারেল এডুকেশন কাঠামোয় শিখতে সুযোগ দেয়।
- **আমাদের বাজেট এবং বাজেট প্রক্রিয়ায় স্বচ্ছতার উন্নতিকরণ**। আমরা মতামত পেয়েছি যে, শুধুমাত্র FSF-ই নয়, বরং আমাদের বাজেট এবং বাজেট প্রক্রিয়া অনভিগম্য এবং বুঝতে কষ্ট হয়। আমি আমার টিমকে বিবিধ উপায়ে তথ্য এবং স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করতে বলেছি।

আমাদের কমিউনিটি এবং পরিবারদেরকে আমাদের সত্যিকারের অংশীদার বানাতে আমরা যে আরেকটি উপায়ে কাজ করছি তা হলো এইসব পরিবর্তন—এবং আমাদের শিক্ষার্থীদের চাহিদাকে অগ্রাধিকার প্রদান করা। এবং আমি সুস্পষ্টভাবে উল্লেখ করতে চাই যে এসব প্রস্তাবিত পরিবর্তনসমূহ FSF ফর্মুলায় অন্যান্য মাপকাঠিকে হ্রাস করে করা হবে না।

এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টায়, শিক্ষার্থীদের জন্য ন্যায্য অর্থায়ন কার্য পরিষদের (ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং ওয়ার্কিং গ্রুপ) সুবিবেচনা এবং নিবেদিতপ্রাণতার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ, এবং আমি সহ-সভাপতিবৃন্দ ডিয়া ব্রায়ান্ট (Dia Bryant) এবং জেসমিন গ্রিপার (Jasmine Gripper)-কে উচ্ছাসিত প্রশংসা করতে চাই।

আমরা এসব সুপারিশ অগ্রসর করার সাথে সাথে, এমন সব উপায়ে আমাদের অর্থায়ন ব্যবহার করছি যেন যেখানে আমাদের চাহিদা সর্বোচ্চ সেখানে সর্বাধিক প্রভাব ফেলা যায় তা নিশ্চিত করার মাধ্যমে—এমন একটি স্কুল সিস্টেম তৈরির পথে আরেক ধাপ এগিয়ে এসেছি যা সকল শিক্ষার্থীকে উজ্জ্বল ভবিষ্যতের পথে নিয়ে যায়।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

---

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবন্ধাইব](#) করুন।